# MODEL QUESTION PAPER 2024

## SEMESTER-I

## Class - XI Sub : BENGALI

**F.M : 40 Time : 1 hr. 15 minutes**

**• সঠিক উত্তরটি নির্বাচন করো : ১×৪০=৪০**

---

**১. পুঁই পাতায় জড়ানো দ্রব্যটি ছিল-**

(ক) চিংড়ি মাছ (খ) কুঁচো মাছ
(গ) লটে মাছ (ঘ) খোলসে মাছ

**২. সহায়হরির স্ত্রীর নাম ছিল-**

(ক) সম্পূর্ণা (খ) ত্রিপর্ণা
(গ) নিমপূর্ণা (ঘ) অন্নপূর্ণা

**৩. "যত পাথুরে বোকা সব মরতে আসে আমার ঘাড়ে"- 'পাথুরে বোকা' কথাটির অর্থ কী ?**

(ক) পাথরের মতো বোকা
(খ) পাথরের মতো শক্ত
(গ) যুগ যুগ ধরে মেয়েরা পুরুষের অত্যাচার নীরবে সহ্য করে আসছে
(ঘ) যার মাথা পাথরের মতো নিরেট বোঝালেও বোঝে না

**৪. ক্ষেন্তির হাতের সেফটিপিনটার বয়স খুঁজতে গেলে কোন্ যুগে গিয়ে পড়তে হয় ?**

(ক) অতি প্রাচীন যুগে (খ) প্রাগৈতিহাসিক যুগে
(গ) প্রত্নতাত্ত্বিক যুগে (ঘ) প্রাচীন যুগে

**৫. বরোজপাতার বন থেকে পনেরো ষোলো সের ভারী মেটে আলু তুলেছিল-**

(ক) রাধী (খ) ক্ষেন্তি
(গ) সহায়হরি (ঘ) দুর্গা

**৬. "এ সংসারে ক্ষীর, সর, দুগ্ধ, দধি, মৎস্য, মাংস সকলই তোমরা খাইবে আমরা কিছু পাইব না কেন ?"- উক্তিটি কার ?**

(ক) প্রসন্ন গোয়ালিনীর
(খ) বিড়ালের
(গ) কমলাকান্তের
(ঘ) উকিলের

**৭. 'অধর্ম চোরের নহে'- অধর্ম কার ?**

(ক) দরিদ্র মানুষের (খ) জমিদারের
(গ) কৃপণ ধনীর (ঘ) কমলাকান্তের

**৮. কমলাকান্তকে আফিমের নেশা করতে হয়েছিল কেন ?**

(ক) সত্যান্বেষীর দৃষ্টিতে সমাজকে দেখার জন্য
(খ) মনের দুঃখ ভোলার জন্য
(গ) অবসর বিনোদনের জন্য
(ঘ) নেশা ছাড়া তিনি থাকতে পারতেন না বলে

**৯. বিদ্যার সাগর তুমি বিখ্যাত-**

(ক) পুরাণে (খ) ইতিহাসে
(গ) সমাজে (ঘ) ভারতে

**১০. অমৃত ফল কে জোগায় ?**

(ক) জমিদার (খ) মহাজন
(গ) দীর্ঘ-শিরঃ তরু-দল (ঘ) কৃষক

**১১. কার মধ্যে সকল কালের কেতাব, সকল কালের জ্ঞান রয়েছে ?**

(ক) মন্দিরের মধ্যে (খ) অর্থভাণ্ডারের মধ্যে
(গ) ভালোবাসার মধ্যে (ঘ) মানুষের মধ্যে

**১২. 'সাম্যবাদী' কবিতায় শাক্যমুনিকে মানুষের মহা-বেদনার ডাক শুনে রাজ্য ত্যাগ করতে দেখা যায়। এই শাক্যমুনির প্রকৃত নাম হল-**

(ক) সিদ্ধার্থ
(খ) মকলি গোসাল
(গ) রাহুল
(ঘ) জয় বর্মণ

**১৩. ডানাওয়ালা বুড়োকে দেখে পেলাইও-এলিসেন্দার মনে হয়েছিল-**

(ক) দেবদূত (খ) ডুবোজাহাজের নাবিক
(গ) ন্যাকড়া কুড়ুনি (ঘ) সৈনিক

**১৪. বুড়োকে বারদরিয়ায় ছেড়ে আসা হবে-**

(ক) ভেলায় চাপিয়ে
(খ) জাহাজে চাপিয়ে
(গ) নৌকায় চাপিয়ে
(ঘ) উড়োজাহাজে চাপিয়ে

**১৫. কবিকে ওরা ভয় পায়, যখন-**

(ক) গান যুদ্ধের শস্ত্র হয়ে ওঠে
(খ) কবি নিশ্চুপ থাকেন
(গ) কবিতা ফুলের মত ফোটে
(ঘ) কবি যুদ্ধে সামিল হন

**১৬. ফাঁসির মঞ্চ 'মিলিয়ে যাচ্ছে মাটিতে'- উদ্ধৃতাংশের মধ্যে দিয়ে যা বোঝানো হয়েছে-**

(ক) অত্যাচারের অবসান
(খ) শাসকের শুভবুদ্ধির উদয়
(গ) নতুন শাসকের জন্ম
(ঘ) এক সব পেয়েছির দেশ-এর কল্পনা

**১৭. ভারতে প্রচলিত দ্রাবিড় ভাষাবংশের একটি প্রধান ভাষা হল-**

(ক) গুজরাটি
(খ) ওড়িয়া
(গ) নাগা
(ঘ) তামিল

**১৮. ওঁরাও উপজাতির ভাষা হল-**

(ক) বাংলা
(খ) কুরুখ
(গ) ঝাড়খন্ডি
(ঘ) তামিল

**১৯. মধ্যভারতীয় আর্যভাষার অপর নাম কী ?**

(ক) ছান্দস
(খ) প্রাকৃত
(গ) সংস্কৃত
(ঘ) অবধি

**২০. প্রাচীন বাংলা ভাষার আনুমানিক সময়সীমা হল-**

(ক) ৯০০-১২০০ খ্রিস্টাব্দ
(খ) ১২০০-১৩৫০ খ্রিস্টাব্দ
(গ) ১৩০০-১৬০০ খ্রিস্টাব্দ
(ঘ) ৬০০-৮০০ খ্রিস্টাব্দ

**২১. ব্যবহারিক বৈচিত্র্যের নিরিখে ভাষাকে দুটি ভাগে ভাগ করা যায়, যথা-**

(ক) শুদ্ধ-অশুদ্ধ
(খ) কথ্য-লেখ্য
(গ) সাধু-চলিত
(ঘ) প্রাচীন-নবীন

**২২. 'লিচু' এবং 'চা' শব্দ দুটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে ?**

(ক) অস্ট্রিক
(খ) পর্তুগিজ
(গ) রুশ
(ঘ) চিনা

**২৩. পশ্চিমবঙ্গের পশ্চিমাঞ্চলে কোন্ উপভাষার ব্যবহার দেখা যায় ?**

(ক) রাঢ়ী
(খ) ঝাড়খণ্ডি
(গ) কামরূপী
(ঘ) বঙ্গালি

**২৪. অভিশ্রুতি যে উপভাষার বৈশিষ্ট্য সেটি হলো-**

(ক) রাঢ়ি
(খ) কামরূপী
(গ) বঙ্গালি
(ঘ) বরেন্দ্রী

**২৫. হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যাপদের পুঁথিটির নাম-**

(ক) চর্যাগীতি
(খ) চর্যাগীতিকোষ
(গ) আশ্চর্য বিনিশ্চয়
(ঘ) চর্যাচর্য বিনিশ্চয়

**২৬. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি মোট ক'টি খণ্ডে বিন্যস্ত-**

(ক) ১২টি
(খ) ১৩টি
(গ) ১৪টি
(ঘ) ১০টি

**২৭. দৌলতকাজী রচনা করেছিলেন-**

(ক) পদ্মাবতী
(খ) সয়ফুলমুলুক বদিউজ্জামাল
(গ) তোহফা
(ঘ) সতীময়নার কাহিনি

**• শূন্যস্থান পূরণের জন্য সঠিক বিকল্পটি বেছে নাও :**

---

**২৮. ইহাদের ভাব দেখিয়া মনে হইতেছিল ইহারা কাহার ঘরে চলিয়াছে ________ দিবার উদ্দেশ্যে।**

(ক) খাবার
(খ) গাছ
(গ) পিঠে
(ঘ) সিঁধ

**২৯. যে জন আশ্রয় লয় সুবর্ণ ________।**

(ক) ভুবনে
(খ) চরণে
(গ) সদনে
(ঘ) ভবনে

**৩০. মায়ের ________ বুকে নিয়ে।**

(ক) আশীর্বাদ
(খ) স্মৃতিচিহ্ন
(গ) বেদনাশ্রু
(ঘ) ক্রন্দন

**৩১. ভোটচিনা ভাষার সঙ্গে _________ মিশ্রণ অতি অল্প।**

(ক) সংস্কৃতের (খ) বর্মির
(গ) অসমিয়ার (ঘ) উর্দুর

**৩২. _________কে অবলম্বন করেই বাংলা সাহিত্যে প্রথম জীবনী সাহিত্যের সূত্রপাত ঘটে।**

(ক) দেবী মনসা (খ) দেবী চণ্ডী
(গ) হজরত মহম্মদ (ঘ) শ্রীচৈতন্যদেব

**• ঘটনাক্রম / কালানুক্রম অনুসারে সাজাও :**

---

**৩৩. গল্পের ঘটনাক্রম অনুসারে সাজাও :**

(i) পুঁইশাকের উপর তাঁহার এই মেয়েটির কিরূপ লোভ।
(ii) চালের বাতায় গোঁজা ডালা হইতে শুকনা লঙ্কা পাড়িতে লাগিলেন।
(iii) অর্ধেকগুলো কিন্তু একা আমার।
(iv) এইরূপে চুপিচুপিই পুঁইশাকের তরকারী রাঁধিলেন।

(ক) (i), (ii), (iii), (iv) (খ) (iv), (ii), (i), (iii)
(গ) (iii), (iv), (i), (ii) (ঘ) (iv), (iii), (i), (ii)

**৩৪. গল্পের ঘটনাক্রম অনুসারে সাজাও :**

(i) পেলাইও কথা বলার চেষ্টা করলে ডানাওয়ালা বৃদ্ধ দুর্বোধ্য বুলিতে জবাব দেয়।
(ii) তাকে পেলাইওদের বেশ চেনা চেনা লাগে।
(iii) বৃদ্ধের পরনে ছিল ন্যাকড়া কুড়ুনির পোশাক।
(iv) পেলাইওরা সিদ্ধান্তে পৌঁছেছিল যে, বৃদ্ধ নিশ্চয়ই তুফানে উলটে যাওয়া কোনো ভিনদেশি জাহাজের নিঃসঙ্গ ভরাডুবি নাবিক।

(ক) (ii), (iii), (iv), (i)
(খ) (iii), (iv), (i), (ii)
(গ) (i), (iv), (ii), (iii)
(ঘ) (iii), (ii), (i), (iv)

**৩৫. কালানুক্রমে সাজাও :**

(i) সংস্কৃত
(ii) প্রাকৃত
(iii) পালি
(iv) বাংলা

(ক) (ii), (i), (iii), (iv) (খ) (i), (ii), (iii), (iv)
(গ) (ii), (iii), (i), (iv) (ঘ) (i), (iii), (ii), (iv)

**৩৬. 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| **ক-স্তম্ভ** | **খ-স্তম্ভ** |
|---|---|
| (i) বেশি মিষ্টি খেতে পারে না | (a) ক্ষেন্তি |
| (ii) পিঠে খেতে ভালোবাসে | (b) বৈশাখ মাসে |
| (iii) ক্ষেন্তির বিয়ে হয় | (c) বর্ষাকালে |
| (iv) অন্নপূর্ণার মতে পুঁইশাক পুঁততে হয় | (d) রাধী |

(ক) (i)-(c), (ii)-(b), (iii)-(a), (iv)-(d) (খ) (i)-(d), (ii)-(a), (iii)-(b), (iv)-(c)
(গ) (i)-(a), (ii)-(d), (iii)-(c), (iv)-(b) (ঘ) (i)-(d), (ii)-(a), (iii)-(c), (iv)-(b)

**৩৭. 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| **ক-স্তম্ভ** | **খ-স্তম্ভ** |
|---|---|
| (i) বাইবেল | (a) শিখ |
| (ii) ত্রিপিটক | (b) ক্রিশ্চান / খ্রিস্টান |
| (iii) জেন্দাবেস্তা | (c) বৌদ্ধ |
| (iv) গ্রন্থসাহেব | (d) পারসিক |

(ক) (i)-b, (ii)-c, (iii)-d, (iv)-a (খ) (i)-c, (ii)-b, (iii)-d, (iv)-a
(গ) (i)-b, (ii)-a, (iii)-d, (iv)-c (ঘ) (i)-a, (ii)-b, (iii)-d, (iv)-c

**৩৮. 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :** 

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (i) বড়ু চণ্ডীদাস | (a) শ্রীকৃষ্ণবিজয় |
| (ii) মুকুন্দ চক্রবর্তী | (b) শ্রীকৃষ্ণকীর্তন |
| (iii) মালাধর বসু | (c) বৈষ্ণব পদাবলী |
| (iv) বিদ্যাপতি | (d) চণ্ডীমঙ্গল |

(ক) (i)-b, (ii)-d, (iii)-a, (iv)-c
(খ) (i)-a, (ii)-d, (iii)-b, (iv)-c
(গ) (i)-a, (ii)-c, (iii)-b, (iv)-d
(ঘ) (i)-a, (ii)-b, (iii)-c, (iv)-d

**• সত্য ও মিথ্যা নির্ণয় করো :**

**৩৯. সত্য ও মিথ্যা নির্ণয় করো: (i) কমলাকান্ত বসার ঘরে ঝিমোচ্ছিল। (ii) প্রসন্ন কমলাকান্তের জন্য দুধ রেখে গিয়েছিল। (iii) দুধের মালিক মঙ্গলা। (iv) বিড়াল কমলাকান্তের আফিম খেয়ে নিয়েছিল।**

(ক) (i)-সত্য, (ii)-সত্য, (iii)-মিথ্যা, (iv)-মিথ্যা
(খ) (i)-মিথ্যা, (ii)-সত্য, (iii)-সত্য, (iv)-মিথ্যা
(গ) (i)-মিথ্যা, (ii)-মিথ্যা, (iii)-সত্য, (iv)-সত্য
(ঘ) (i)-সত্য, (ii)-মিথ্যা, (iii)-মিথ্যা, (iv)-সত্য

**• বিবৃতি (Assertion) ও কারণ (Reason) এর মধ্যে সঠিক সম্পর্ক নিরূপণ করো :**

নিম্নে প্রদত্ত প্রশ্নটিতে দুটি অংশ রয়েছে। প্রথম অংশটি বিবৃতি (A) এবং দ্বিতীয় অংশটি কারণ (R)। নির্দেশনা অনুযায়ী সঠিক উত্তরটির সন্ধান করো।

**৪০. বিবৃতি: (A) চোরের দণ্ডবিধান কর্তব্য।**
**কারণ: (R) না হলে সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি হবে**

(ক) A ঠিক, R ভুল
(খ) A ভুল, R ঠিক
(গ) A এবং R উভয়ই ঠিক কিন্তু R, A-র সঠিক কারণ নয়
(ঘ) A এবং R উভয়ই ভুল